

"ইউক্রেনে শান্তির শীর্ষ সম্মেলনে" ভারতের অংশগ্রহণ

জুন 16, 2024

ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয় বিভাগের (পশ্চিম) সেক্রেটারি, শ্রী পবন কাপুর ইউক্রেনে অনুষ্ঠিত শান্তি সম্মেলনে ভারতের প্রতিনিধি রূপে অংশগ্রহণ করেন। শান্তি সম্মেলন ১৫-১৬ জুন, ২০২৪ তারিখে সুইজারল্যান্ডের বারগেনস্টকে অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধি দল সম্মেলনের উদ্বোধনী এবং সমাপনী পূর্ণাঙ্গ অধিবেশনে অংশগ্রহণ করেন। এই সম্মেলন থেকে উদ্ভূত কোনও বিজ্ঞপ্তি/দলিলে ভারত নিজেকে সম্পৃক্ত করেনি।

সম্মেলনে ভারতের অংশগ্রহণ, পাশাপাশি ইউক্রেনের শান্তি সূত্রের ভিত্তিতে অনুষ্ঠিত NSA/রাজনৈতিক পরিচালক-স্তরের বৈঠকগুলিতেও অংশগ্রহণ ভারতের সংলাপ এবং কূটনীতির মধ্যে দিয়ে দীর্ঘস্থায়ী এবং শান্তিপূর্ণ সমাধানের পথ অনুসরণের ধারাবাহিক দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে। ভারতবর্ষ বিশ্বাস করে যে এমন একটি সমাধানের লক্ষ্যে দ্বন্দ্ব জড়িত উভয় পক্ষের মধ্যেই আন্তরিক এবং বাস্তবসম্মত সংযুক্তি বিশেষভাবে প্রয়োজন।

এই বিষয়ে একটি প্রাথমিক এবং স্থায়ী শান্তি আনার আন্তরিক প্রচেষ্টায় অবদান রাখার লক্ষ্যে ভারত সমস্ত অংশীদারদের পাশাপাশি উভয় পক্ষের সঙ্গেই সংযোগ বজায় রাখবে।

বার্ন

জুন 16, 2024